# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৯৮

৩. ইলম বা বিদ্যা (كتاب العلم)

পরিচ্ছেদঃ ৪) ওলামাগণকে সম্মান, মর্যাদা ও শ্রদ্ধা দেয়ার প্রতি উদ্বুদ্ধকরণ ও তাদেরকে অসম্মান করা ও তাদেরকে পরওয়া না করার প্রতি ভীতি প্রদর্শন

## الترغيب في إكرام العلماء وإجلالهم وتوقيرهم والترهيب من إضاعتهم وعدم المبالاة بهم

আরবী

(حسن ) و عَنْ أَبِي مُوسَى الْأَشْعَرِيِّ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِنَّ مِنْ إِجْلَالِ اللَّهِ إِكْرَامَ ذِي الشَّيْبَةِ الْمُسْلِمِ وَحَامِلِ الْقُرْآنِ غَيْرِ الْغَالِي فِيهِ وَالْجَافِي عَنْهُ وَإِكْرَامَ ذِي السُّلْطَانِ الْمُقْسِطِ. رواه أبو داود

বাংলা

৯৮. (হাসান) আবু মূসা (রাঃ) থেকে বর্ণিত। নিশ্চয় রাসূলুল্লাহ্ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন,

আল্লাহকে মর্যাদা দেয়ার অন্তর্ভুক্ত হল এই ব্যক্তিবর্গকে সম্মান করাঃ (১) বৃদ্ধ মুসলিম ব্যক্তি (২) কুরআন ধারণকারী[1] যিনি সে ব্যাপারে অতিরঞ্জনকারী নয় এবং তার সাথে রূঢ় আচরণকারীও নয়। এবং (৩) ন্যায় পরায়ন শাসককে সম্মান করা।

(আবু দাউদ হাদীছটি বর্ণনা করেছেন ৪৮৪৩)

ফুটনোট

[1] . অর্থাৎ কুরআন পাঠকারী, মুখস্তকারী ও তাফসীরকারী। অতিরঞ্জনের অর্থ হচ্ছে, উচ্চারণ ও তাজবীদ নিয়ে বাড়াবাড়ি করা বা কুরআনকে এত তাড়াহুড়া করে পাঠ করা যাতে তার অর্থ অনুধাবন করা অসম্ভব হয়, অথবা কুরআনের গোপন অর্থ অনুসন্ধান করা বা অপব্যাখ্যার আশ্রয় নেয়া। আর রুঢ়তা হচ্ছে, কুরআন পাঠ করার পর তা থেকে দূরে থাকা, অর্থ অনুধাবন না করা, আমল না করা, ভুলে যাওয়া ইত্যাদি। [দ্রঃ আউনুল মা’বূদ হা/৪২০৩)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবূ মূসা আল- আশ'আরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87858

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন